FRIEDRICH EBERT STIFTUNG
BANGLADESH

BILS

academy of work

# একাডেমি অফ ওয়ার্ক (এওডব্লিউ)

## ট্রেড ইউনিয়ন প্রতিনিধিদের জন্য একটি সনদপত্র ভিত্তিক শিক্ষা কার্যক্রম

একাডেমি অফ ওয়ার্ক হলো একটি নীতিভিত্তিক ও টেকসই শিক্ষা কার্যক্রম। এটি প্রান্তিক পর্যায়ে উৎপাদনমুখী শিল্প কারখানা থেকে শুরু করে বিশ্বব্যাপী সাপ্লাই চেইনে যুক্ত শ্রমিকদের প্রতিনিধিত্বকারী ট্রেড ইউনিয়ন নেতৃত্বের বিকাশে সহযোগিতা করে। যার মাধ্যমে শিল্প কারখানায় সকলের মাঝে সুসম্পর্ক সমন্বিত হয় এবং সামাজিক সংলাপের ক্ষেত্র প্রতিষ্ঠা নিশ্চিত হয়।

এই প্রশিক্ষণ কর্মসূচিটি তাত্তিক ও ব্যবহারিক অনুশীলনের সংমিশ্রণে সাজানো এবং মানসম্পন্ন স্থানীয় ও আন্তর্জাতিক একাধিক গবেষক ও বিশেষজ্ঞের দ্বারা পরিচালিত। একাডেমি অফ ওয়ার্ক তার শিক্ষার্থীদের বহুজাতিক নেটওয়ার্কে অংশ নিতে সুযোগ করে দেয় যেন তারা শ্রমিক অধিকার রক্ষায় সুসংহত অবস্থান তৈরি করতে পারে।




## একাডেমি অফ ওয়ার্ক কী?

একাডেমি অফ ওয়ার্ক হলো একটি নীতিভিত্তিক ও টেকসই শিক্ষা কার্যক্রম। এটি প্রান্তিক পর্যায়ে উৎপাদনমুখী শিল্প কারখানা থেকে শুরু করে বিশ্বব্যাপী সাপ্লাই চেইনে যুক্ত শ্রমিকদের প্রতিনিধিত্বকারী ট্রেড ইউনিয়ন নেতৃত্বের বিকাশে সহযোগিতা করে। যার মাধ্যমে শিল্প কারখানায় সকলের মাঝে সুসম্পর্ক সমন্বিত হয় এবং সামাজিক সংলাপের ক্ষেত্র প্রতিষ্ঠা নিশ্চিত হয়।

এই প্রশিক্ষণ কর্মসূচিটি তাত্তিক ও ব্যবহারিক অনুশীলনের সংমিশ্রণে সাজানো এবং মানসম্পন্ন স্থানীয় ও আন্তর্জাতিক একাধিক গবেষক ও বিশেষজ্ঞের দ্বারা পরিচালিত। একাডেমি অফ ওয়ার্ক তার শিক্ষার্থীদের বহুজাতিক নেটওয়ার্কে অংশ নিতে সুযোগ করে দেয় যেন তারা শ্রমিক অধিকার রক্ষায় সুসংহত অবস্থান তৈরি করতে পারে।

## একাডেমি অফ ওয়ার্ক এর উদ্দেশ্য কী?

ভবিষ্যতে বাংলাদেশের নতুন প্রজন্মের জন্যে দক্ষ একদল ট্রেড ইউনিয়ন প্রতিনিধি তৈরি করার লক্ষ্যে মালিক পক্ষ ও ইউনিয়ন প্রতিনিধিদের মাঝে সরাসরি মতবিনিময়ের সুযোগ তৈরি করে দেয়াই একাডেমি অফ ওয়ার্ক এর উদ্দেশ্য সুতরাং একাডেমি অফ ওয়ার্ক:

- অংশগ্রহণকারীদের আরও ভালোভাবে মতবিনিময়, আলোচনা ও নিজেদেরকে উপস্থাপন করতে এবং দক্ষ নেতৃত্ব প্রদান করতে সহায়তা করবে।
- স্থানীয় ও বিশ্বব্যাপী ট্রেড ইউনিয়ন এর বর্তমান ট্রেড ইউনিয়ন কার্যক্রম সম্পর্কে স্পষ্ট ধারণা প্রদান করে শৈল্পিক সম্পর্ক মান নিয়ন্ত্রণ বিষয়ে অবগত করবে।
- একাডেমি অফ ওয়ার্ক সদস্যদের জাতীয় ও আন্তর্জাতিক বিষয়সমূহ জানতে সাহায্য করবে।



## প্রধান পাঠসমূহ:

- ট্রেড ইউনিয়ন ও শিল্প-সম্পর্ক
- অর্থনীতি
- শ্রম আইন
- গ্লোবাল সাপ্লাই চেইন ও শ্রমিক নীতিমালা
- ব্যবস্থাপনা ও প্রতিষ্ঠান
- জেন্ডার, ট্রেড ইউনিয়ন, ও শোভন কাজ



## এই কার্যক্রমটি কি ব্যয়বহুল?

এই একাডেমীর শিক্ষার কার্যক্রমটি সম্পূর্ণ বিনামূল্যে প্রদান করা হবে এবং ফিজিক্যাল ট্রেনিং চলাকালীন সময়ে অংশগ্রহণকারীরা থাকা খাওয়ার সুবিধা পাবেন।



## কার্যক্রমটি কবে থেকে শুরু?

দুই মাসব্যাপী এই শিক্ষা কার্যক্রমটি শুরু হতে যাচ্ছে ৫ জুন, ২০২৩। সপ্তাহে ছয় দিন সোম থেকে শনিবার ক্লাস হবে এই কোর্সে সফল অংশগ্রহণের ক্ষেত্রে শিক্ষার্থীর পূর্ণ উপস্থিতি প্রয়োজন সফলভাবে কোর্স সম্পন্নকারী শিক্ষার্থীদের কোর্স শেষের সনদপত্র (সার্টিফিকেট) প্রদান করা হয়।

## প্রশিক্ষণের বিভিন্ন ধাপ:

দুই মাসব্যাপী
আবাসিক প্রশিক্ষণ।



## আমি কি আবেদন করতে পারবো?

- আপনি কি সরকারি অথবা বেসরকারি কোনো উৎপাদনভিত্তিক অথবা সেবাভিত্তিক প্রতিষ্ঠানের একজন মধ্যসারির ট্রেড ইউনিয়ন নেতা?
- আপনার কি সম্প্রতিকালে তিন (৩) বছর ট্রেড ইউনিয়নের সাথে কাজ করার অভিজ্ঞতা আছে? ট্রেড ইউনিয়নের আন্দোলনের সাথে পেশাগত সম্পর্ক গড়ার পরিকল্পনা করছেন কি?
- আপনার কি আনুষ্ঠানিক শিক্ষা সম্পন্ন হয়েছে?
- আপনার বয়স কি ২২ থেকে ৪০ বছরের মধ্যে?
- আপনি কি নিশ্চিত যে প্রশিক্ষণ চলাকালীন প্রত্যেকটি ক্লাসে আপনি অংশগ্রহণ করতে পারবেন?

## কীভাবে আবেদন করবো?

আবেদনপত্রটি **academyofwork@fes.de** এই ই-মেইল ঠিকানায় পাঠাতে হবে। এছাড়া ব্যক্তিগতভাবে এফইএস বাংলাদেশ-এর অফিসে এসেও আবেদনপত্রটি জমা দেওয়া যাবে। আবেদনপত্রটি অবশ্যই ইংরেজি বা বাংলায় হতে হবে। ই-মেইল করার সময় নিচের কাগজপত্রগুলো একটি পিডিএফ ফাইল করে পাঠাতে হবে।

১. আবেদন পত্র (উদ্বুদ্ধকরণ পত্র/ আগ্রহের কারণ ও ট্রেড ইউনিয়ন কর্তৃক সুপারিশপত্র সংযুক্ত করা আছে যা যথাক্রমে আবেদনকারী ও ফেডারেশন প্রধান কর্তৃক অবশ্যই পূরণীয়)

২. আবেদনকারীর জীবনবৃত্তান্ত (অনধিক দুই পাতা)

শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের সাক্ষাৎকারের জন্য ডাকা হবে।






## এফইএস বাংলাদেশ-এর ঠিকানা

ফ্রেডরিক-ইবার্ট-স্টিফটুং (এফইএস) বাংলাদেশ অফিস
বাসা নং-৩০২, বাড়ি নং-১০, রাস্তা নং-৯৬, গুলশান-২
ঢাকা ১২১২, বাংলাদেশ।



## সহযোগিতায় :

FRIEDRICH EBERT STIFTUNG BANGLADESH

BILS

Academy of Work

**পাঠ্যক্রম:** বিশ্বায়নের এই যুগে শ্রমিক অধিকার রক্ষা এবং শিল্পক্ষেত্রে সুসম্পর্ক প্রতিষ্ঠায় প্রণীত ছয়টি ট্রেইনিং মডিউল।

**শিক্ষণ মাধ্যম :** বাংলা

**শিক্ষা কেন্দ্র :** ঢাকা

**কার্যক্রম শুরু :** ৫ জুন, ২০২৩

**আবেদনপত্র গ্রহণ শুরু : ৬ মে, ২০২৩**

**আসন সংখ্যা: ২০টি**

**আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ: ২০ মে, ২০২৩**

## এফইএস বাংলাদেশ-এর ঠিকানা

ফ্রেডরিক-ইবার্ট-স্টিফটুং (এফইএস) বাংলাদেশ অফিস
বাসা নং-৩০২, বাড়ি নং-১০, রাস্তা নং-৯৬, গুলশান-২
ঢাকা ১২১২, বাংলাদেশ।
ওয়েবসাইট: https://bangladesh.fes.de
ই-মেইল: academyofwork@fes.de
ফেইসবুক: www.facebook.com/FESBangladesh